



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস)



সভার কার্যবিবরণী

সভাপতি	মঈনউদ্দিন আহম্মেদ পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২১.০৬.২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	৪র্থ তলার সম্মেলন কক্ষ, জিএসবি
উপস্থিতি	পরিশিষ্ট-ক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের শিলা বিদ্যা ও মণিক বিদ্যা শাখা এবং স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে অধিদপ্তরের সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) সভার সকলকে অবহিত করেন যে, জিএসবি'র ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ১.৪.১ এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে সেবাগ্রহীতাদের সঙ্গে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় উল্লেখ রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা আরও অবহিত করেন যে, জিএসবি'র যে কোন শাখার কর্মকর্তা সিটিজেন চার্টারে উল্লেখিত সেবায় অসন্তুষ্ট হয়ে অভিযোগ করতে পারেন।

শিলা বিদ্যা ও মণিক বিদ্যা শাখার উপ-পরিচালক (ভূতত্ত্ব) জনাব মোঃ মিজানুর রহমান এবং পরিচালক (ভূপদার্থ) জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সাইফুর রহমান জিএসবি'র অনিক এর কাছে জিআরএস এ অভিযোগ দেয়ার প্রক্রিয়া জানতে চান। অনিক কর্মকর্তা তাদের জানান অনলাইনে জিএসবি'র ওয়েব সাইট ও এক সেবা প্ল্যাটফর্মে এবং লিখিত ভাবে অভিযোগ বক্স – এ তিন প্রক্রিয়ায় অভিযোগ দেয়া যায়।

জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূপদার্থ) জিএসবি'র শাখাসমূহের সময়মতো সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সকল শাখাগুলোর মধ্যে আন্তরিক সহযোগীতা বৃদ্ধি করার পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মঈনউদ্দিন আহম্মেদ
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.২০০.২৭.০০১.২১.৭

তারিখ: ৯ আষাঢ় ১৪২৮

২৩ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) জিএসবি'র শাখা প্রধানগণ

- ২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধ সহ)
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধ সহ)
- ৬) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



আব্দুল আহসান

উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১